# আত্ তারগীব ওয়াত্ তারহীব

## হাদিস নাম্বারঃ ১৬২

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪) কাপড় ইত্যাদিতে পেশাব লেগে যাওয়া এবং তা থেকে মুক্ত না হওয়ার ব্যাপারে ভীতি প্রদর্শন

### الترهيب من إصابة البول الثوب وغيره وعدم الاستبراء منه

আরবী

(صحيح) وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ ابْنِ حَسَنَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفِي يَدِهِ الدَّرَقَةُ فَوَضَعَهَا ثُمَّ جَلَسَ فَبَالَ إِلَيْهَا فَقَالَ بَعْضُهُمْ انْظُرُوا إِلَيْهِ يَبُولُ كَمَا تَبُولُ الْمَرْأَةُ فَسَمِعَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ وَيْحَكَ أَمَا عَلِمْتَ مَا أَصَابَ صَاحِبَ بَنِي إِسْرَائِيلَ كَانُوا إِذَا أَصَابَهُمْ الْبَوْلُ قَرَضُوهُ بِالْمَقَارِيضِ فَنَهَاهُمْ عَنْ ذَلِكَ فَعُذِّبَ فِي قَبْرِهِ. رواه ابن ماجه وابن حبان

বাংলা

১৬২. (সহীহ) আবদুর রহমান বিন হাসানাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা আমাদের নিকট বের হয়ে এলেন। তাঁর হাতে ছিল চামড়া নির্মিত একটি ঢাল। তিনি মানুষ থেকে পর্দা করার জন্য উহা তার সামনে রাখলেন এবং তার আড়ালে পেশাব করলেন। কোন এক লোক বললঃ তাকে দেখে মহিলা যেভাবে পেশাব করে সেভাবে পেশাব করছে। একথা শুনে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ

’’আফসোস তোমার জন্য!, তুমি কি জাননা বনী ঈসরাঈলের সেই লোকটির কথা? (নিয়ম ছিল) তাদের শরীরে যখন পেশাব লাগত, তখন পবিত্র হওয়ার জন্য শরীরের ঐ অংশটুকু তারা কেঁচি দিয়ে কেটে ফেলত। তাদেরকে ঐ লোকটি একাজ করতে নিষেধ করল। একারণে কবরে তাকে আযাব দেয়া হয়েছে।’’

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনে মাজাহ্ ৩৪৬ ও ইবনে হিব্বান ৩১২৭)[1]

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, হাদীছটি আরো বর্ণনা করেছেন আবু দাউদ ও নাসাঈ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু হাসানাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন